



বে অব বেঙ্গল কনভারসেশন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীতে শুরু হয়েছে তিন দিনের আন্তর্জাতিক সংলাপ ‘বে অব বেঙ্গল কনভারসেশন ২০২৬’। শনিবার (৩ অক্টোবর) সকালে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটеле আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

সকাল ৯টা ১৫ মিনিটে গ্র্যান্ড বলরুমে শুরু হওয়া অনুষ্ঠানের উদ্বোধনী অধিবেশনে প্রধান বক্তা হিসেবে বক্তব্য দিচ্ছেন প্রধানমন্ত্রী। বাংলাদেশের অবস্থান, বিশ্বের পরিবর্তিত পরিস্থিতি, আন্তর্জাতিক সহযোগিতা এবং এ অঞ্চলের সম্ভাবনা নিয়ে তিনি কথা বলছেন।

সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত এবারের সংলাপের প্রতিপাদ্য ‘ফ্র্যাগমেন্টস, ফ্রন্টিয়ার্স, ফিউচারস: নেভিগেটিং পাওয়ার, টেকনোলজি অ্যান্ড ট্রাস্ট ইন আ ওয়ার্ল্ড রিরিটেন’। ৫ অক্টোবর পর্যন্ত চলবে বিভিন্ন অধিবেশনের এই আয়োজন।

সংলাপে রাজনীতিক ও কূটনীতিকদের পাশাপাশি গবেষক, অর্থনীতিবিদ, নীতিনির্ধারক, বিশেষজ্ঞ ও গণমাধ্যমকর্মীরা অংশ নিচ্ছেন। বিদেশি অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন সার্বিয়ার সাবেক প্রেসিডেন্ট বরিস আদিচ এবং মালির সাবেক প্রধানমন্ত্রী মুসা মারা।

তিন দিনের আলোচনায় আন্তর্জাতিক নিরাপত্তা, ক্ষমতার পরিবর্তিত ভারসাম্য, অর্থনীতি, জলবায়ু পরিবর্তন, প্রযুক্তি, গণতন্ত্র ও সুশাসনসহ বিভিন্ন বিষয় স্থান পাচ্ছে। বঙ্গোপসাগরকে ঘিরে যোগাযোগ ও বাণিজ্যের সম্ভাবনাও আলোচনায় থাকবে।